# ঈশ্বর খ্রীষ্টীয় উপাসক মন্ডলীর উপরে অধ্যক্ষ প্রদান করেন।



## সূচীপত্র

ভূমিকা
সূচীপত্র
ভূমিকা
গল্প
অধ্যক্ষদের বিষয়ে বাইবেল যা বলে
১. প্রাচীন ইস্রায়েল
২. সুসমাচার পুস্তক
৩. যিরূশালেমের উপাসক মন্ডলীতে
৪. পরজাতীয়দের উপাসক মন্ডলীতে
৫. উপাসক মন্ডলীর প্রতি পত্রগুলিতে
৬. পালকদের প্রতি পত্রগুলিতে
৭. খ্রীষ্টীয়নদের প্রতি পত্রগুলিতে
ব্যবহারিক পরামর্শ
অধ্যক্ষদের বিপদসমূহ
গল্প চলছে
ব্যবহারিক কাজ
উপসংহার

## ভূমিকা

আপনার উপাসক মন্ডলী অথবা কুটীর সহভাগীতায় যীশুর অনুগামীদের তত্ত্বাবধান করার জন্য পবিত্র আত্মাকে আপনাকে শিক্ষা দিতে বলুন।

## গল্প

"মিঃ প্রশিক্ষক, মিঃ বিশ্বাসীকে জিজ্ঞাসা করছেন, "কেউ কি সদ্যজাত একটি শিশুকে মাঠের মধ্যে নিজে নিজেই বেড়ে ওঠার জন্য ফেলে রাখে?"

মিঃ বিশ্বাসী হেঁসে উঠবে ও উত্তর দেবে, "না, তার পিতামাতা তাকে ঘরে আনবে এবং তার যত্ন নেবে।"

মিঃ প্রশিক্ষক, মিঃ বিশ্বাসীকে জিজ্ঞাসা করবেন, "একজন মেষপালক কি তার মেষপালকে একা একাই ঘুরে বেড়াবার জন্য ছেড়ে দিতে পারে?"

মিঃ বিশ্বাসী আবার হেঁসে উঠে উত্তর দেবে, "না, একজন উত্তম মেষপালক তার মেষপালকে চালনা দেবে এবং কেন্দুয়াদের হাত থেকে তাদের রক্ষা করবে। আর পাল যখন বৃদ্ধি পাবে তখন সে নতুন পালকদের প্রশিক্ষন দিয়ে তৈরী করবে। যাতে তারা তাকে মেষদের যত্নের ব্যাপারে সাহায্য করতে পারে।"

মিঃ প্রশিক্ষক ব্যাখ্যা করবেন, "একই ভাবে নতুন বিশ্বাসীদের এমন কাউকে প্রয়োজন যে তাদের যত্ন নেবে। আমরা এরূপ যত্নকারীকে "অধ্যক্ষ" বলে অভিহিত করি। অধ্যক্ষদের পুরোহিত, মেষপালক, প্রাচীন, এবং পরিচর্য্যাকারী নামেও অভিহিত করা হয়।"

মিঃ প্রশিক্ষক আরও বলবেন, "ধরা যাক তোমার নগরে কিছু লোক যীশুকে অনুসরণ করতে শুরু করেছে। যদি আমি তোমাকে প্রশিক্ষন দিই, তবে তুমি একজন অধ্যক্ষ হবে এবং তখন তুমি কি তাদের শিক্ষাদেবে এবং রক্ষা করবে?"

মিঃ বিশ্বাসী উত্তর দেবে, ''আমি নতুন অনুগামীদের সাহায্য করতে চাই, কিন্তু আমি জানিনা কিভাবে একজন অধ্যক্ষ হওয়া যায়। একজন অধ্যক্ষের অবশ্যই কি করা উচিত?''

মিঃ প্রশিক্ষক পরামর্শ দেবেন, ''এস আমরা অধ্যক্ষদের বিষয়ে বাইবেলে যা আছে তা পাঠ করি।''

## অধ্যক্ষদের বিষয়ে বাইবেল যা বলে

**১. প্রাচীন ইস্রায়েলেঃ-**

বহু দিন পূর্বে, যখন অনন্তকালীন ঈশ্বর ঈস্রায়েলীয়দের মিশরীয়দের হাত থেকে রক্ষা করেছিলেন তখন, মোশিই ছিল তাদের একমাত্র নেতা। প্রত্যেকদিন, সকাল থেকে সন্ধ্যে পর্যন্ত তিনি তাদের প্রশ্নের উত্তর দিতেন এবং সমস্যার সমাধান করতেন। এর ফলে তিনি খুবই ক্লান্ত হয়ে পড়তেন, আর লোকেরা তাঁর বিরুদ্ধে অভিযোগ করতে কেননা তাদের সবাইকে তিনি সাহায্য করতে পারতেন না।

মোশির শ্বশুর যখন তাকে দেখতে এসেছিল, তখন তিনি তাকে খুবই ব্যস্ত দেখেছিলেন, এবং তা দেখে তিনি এই পরামর্শ তাকে দিয়েছিলেনঃ

> ''এখন আমার কথায় মনোযোগ কর; আমি তোমাকে পরামর্শ দিই আর ঈশ্বর তোমার সহবর্ত্তী হউন; তুমি ঈশ্বরের সম্মুখে লোকদের পক্ষে হও; এবং তাহাদের বিচার ঈশ্বরের কাছে উপস্থিত কর; আর তাহাদিগকে বিধি ও ব্যবস্থার উপদেশ দেও, এবং তাহাদের গন্তব্য পথ ও কর্তব্য কর্ম্ম জ্ঞাত কর। অধিকিন্তু তুমি এই লোক সমূহের মধ্য হইতে কার্য্যদক্ষ পুরুষদিগকে, ঈশ্বরভীত, সত্যবাদী ও অন্যায় লোভ ঘৃনাকারী ব্যক্তিদিগকে মনোনীত কারিয়া লোকদের উপর সহস্রপতি, শতপতি, পঞ্চাশৎপতি ও দশপতি করিয়া নিযুক্ত কর। তাঁহারা সকল সময় লোকদের বিচার করিবেন; বড় বড় বিচার সকল তোমার নিকটে আনিবেন, কিন্তু ক্ষুদ্র বিচার সকল তাঁহারাই করিবেন; তাহাতে তোমার তোমার কর্ম্ম লঘু হইবে, আর তাঁহারা তোমার সহিত ভার বহিবেন। তুমি যদি এরূপ কর, এবং ঈশ্বর তোমাকে এরূপ আজ্ঞা দেন, তবে তুমি সহিতে পারিবে, এবং এই সকল লোকও কুশলে আপনাদের স্থানে গমন করিবে। তাহাতে মোশি আপন শ্বশুরের কথায় মনোযোগ করিয়া, তিনি যাহা কিছু বলিলেন, তদনুসারে কর্ম্ম করিলেন।'' (যাত্রাপুস্তক ১৮ঃ১৯-২৪)

**অনুগ্রহ করে এই প্রশ্নগুলির উত্তর দিনঃ**

- অধ্যক্ষ থাকাটা কেন এত গুরুত্বপূর্ণ?
- কোন্ ধরনের ব্যক্তিরা অধ্যক্ষ হতে পারে?
- বিভিন্ন আকারের দলগুলিতে কেমন অধ্যক্ষের প্রয়োজন?

**২. সুসমাচার পুস্তকঃ**

যীশু জানতেন যে তাঁর অনুগামীদের এমন ব্যক্তিদের দরকার আছে যারা তাদেরকে প্রেম করবে এবং পরিচালনা দেবে। তিনি শিক্ষা দিয়েছিলেন যে, তাঁর পালের কাছে তিনি হলেন উত্তম মেষপালক, তিনি বলেছেন, আমিই উত্তম মেষপালক;

> আমার নিজের সকলকে আমি জানি, এবং আমার নিজের সকলে আমাকে জানে, যেমন পিতা আমাকে জানেন ও আমি পিতাকে জানি; এবং মেষদিগের জন্য আমি আপন প্রাণ সমর্পন করি। আমার আরও মেষ আছে, সে সকল এ খোঁয়াড়ের নয়; তাহাদিগকেও আমার আনিতে হইবে; এবং তাহারা আমার রব শুনিবে, তাহাতে এক পাল, ও এক পালক হইবে। পিতা আমাকে এইজন্য প্রেম করেন, কারণ আমি আপন প্রাণ সমর্পন করি, যেন পুনরায় তাহা গ্রহণ করি'' (যোহন ১০ঃ১৪-১৭)।

মৃত্যুর পর পুনরুত্থিত হবার পর যীশু তাঁর কিছু অনুগামীদের দেখা দিয়েছিলেন।

> ''তাঁহারা আহার করিলে পর যীশু শিমোন পিতরকে কহিলেন, হে যোহনের পুত্র শিমোন, ইহাদের অপেক্ষা তুমি কি আমায় অধিক প্রেম কর? তিনি কহিলেন হ্যাঁ প্রভু; আপনি জানেন, আমি আপনাকে ভালোবাসি। তিনি তাঁহাকে কাহিলেন, আমার মেষশাবকগণকে চড়াও। পরে তিনি দ্বিতীয়বার তাঁহাকে কহিলেন, হে যোহনের পুত্র শিমোন, তুমি কি আমাকে প্রেম কর? তিনি কহিলেন, হ্যাঁ প্রভু; আপনি জানেন, আমি আপনাকে ভালবাসি। তিনি তাঁহাকে কহিলেন, আমার মেষগণকে পালন কর। তিনি তৃতীয়বার তাঁহাকে কহিলেন, হে যোহনের পুত্র শিমোন, তুমি কি আমাকে ভালোবাস? পিতর দুঃখিত হইলেন যে, তিনি তৃতীয়বার তাঁহাকে বলিলেন, 'তুমি কি আমাকে ভালবাস? আর তিনি তাঁহাকে কহিলেন, প্রভু আপনি সকলই জানেন; আপনি জ্ঞাত আছেন যে আমি আপনাকে ভালবাসি। যীশু তাঁহাকে কহিলেন আমার মেষগনকে চরাও'' (যোহন ২১ঃ১৫-১৭)।

পরবর্তীকালে পিতর অনুগামীদের উদ্দেশ্যে একটি পত্র লিখেছিলেন এবং তাতে বলেছিলেন।

> অতএব তোমাদের মধ্যে যে প্রাচীনবর্গ আছেন, তাঁহাদিগকে আমি-সহ প্রাচীন, খ্রীষ্টের দুঃখ ভোগের সাক্ষী, এবং প্রকাশিতব্য ভাবী প্রতাপের সহভাগী আমি — বিনতি করিতেছি; তোমাদের মধ্যে ঈশ্বরের যে পাল আছে, তাহা পালন কর; অধ্যক্ষের কার্য্য কর, আবশ্যকতা প্রযুক্ত নয়, কিন্তু ইচ্ছা পূর্ব্বক ঈশ্বরের অভিমতে কুৎসিত লাভার্থে নয়, কিন্তু উৎসুক ভাবে কর; নিরূপিত অধিকারের উপরে কর্তৃত্বকারী রূপে নয়, কিন্তু পালের আর্দশ হইয়াই কর। তাহাতে প্রধান পালক প্রকাশিত হইলে তোমরা অম্লান প্রতাপ মুকুট পাইবে।(১ পিতর ৫ঃ১-৪)

**অনুগ্রহ করে এই প্রশ্নগুলির উত্তরদিনঃ**

- মেষপালকের মত একজন অধ্যক্ষের কাজগুলি কেমন ধরনের?
- অধ্যক্ষদের কিছু আচরণসমূহ কি কি?
- অধ্যক্ষ রূপে যারা পরিচর্য্যা করেন, ঈশ্বর তাহাদেরকে কি পুরস্কারে ভূষিত করবেন?

**৩. যিরূশালেমের উপাসক মন্ডলীতে**

প্রেরিতরা নিজে যিরূশালেমের উপসাকমন্ডলীর উপর অধ্যক্ষের কার্য করে ছিলেন। প্রেরিত ৪ ও ৫।

> আর প্রেরিতরা মহাপরাক্রমে প্রভুযীশুর পুনরুত্থান বিষয়ে সাক্ষ্য দিতেন এবং তাহাদের সকলের উপরে মহা অনুগ্রহ ছিল। এমন কি তাহাদের মধ্যে কেহই দীনহীন ছিলনা। কারণ যাহারা ভূমির অথবা বাটীর অধিকারী ছিল, তাহারা তাহা বিক্রয় করিয়া, বিক্রীত সম্পত্তির মূল্য আনিয়া প্রেরিতদের চরণে রাখিত। পরে যাহাকে যেমন প্রয়োজন তাহাকে তেমনি দেওয়া হইত। (প্রেরিত ৪ঃ৩৩-৩৫) ... তখন তাঁহারা মহাসভার সম্মুখ হইতে চলিয়া গেলেন, আনন্দে করিতে করিতে গেলেন। কারণ তাঁহারা সেই নামের জন্য অপমানিত হইবার যোগ্য পাত্র গণিত হইয়াছিলেন। আর তাঁহারা প্রতিদিন ধর্ম্মধার্মে ও বাটীতে উপদেশ দিতেন, এবং যীশুই যে খ্রীষ্ট এই সুসমাচার প্রচার করিতেন, ক্ষান্ত হইতেন না।(প্রেরিত ৫ঃ৪১-৪২)

১২ জন প্রেরিত পরবর্তীকালে সাহায্যকারীদের নিযুক্ত করেছিল যাদের উপর তারা বিশেষ কাজের দায়িত্ব সঁপেছিল।

> তখন সেই বারোজন (প্রেরিত) শিষ্য সমূহকে কাছে ডাকিয়া কাহলেন, আমরা যে ঈশ্বরের বাক্যকে ত্যাগ করিয়া ভোজনের পরিচর্যা করি, ইহা উপযুক্ত নহে। কিন্তু হে ভ্রাতৃগণ তোমরা আপনাদের মধ্য হইতে সুখ্যাতিপন্ন এবং আত্মায় ও বিজ্ঞতায় পরিপূর্ণ সাতজনকে দেখিয়া লও; তাঁহাদিগকে আমরা এই কার্যের ভার দিব। কিন্তু আমরা প্রার্থনায় ও বাক্যের পরিচর্য্যায় নিবিষ্ট থাকিব।এই কথায় সমস্ত লোক সন্তুষ্ট হইল।(প্রেরিত ৬ঃ২-৫)

প্রেরিতরা এবং প্রাচীনরা যিরূশালেমে কঠিন প্রশ্নসমূহ শ্রবন করেছিলেন ও সেগুলি উত্তর দিয়েছিলেন।

> তর্কের মীমাংসার জন্য পৌল ও বার্ণবা এবং তাঁহাদের আরও কয়েকজন যিরূশালেমে প্রেরিতগণের ও প্রাচীনবর্গের নিকটে যাইবেন। অতএব মন্ডলী তাহাদিগকে আগবাড়ান দিয়া পাঠাইয়া ছিল ... পরে তাঁহারা যিরূশালেমে উপস্থিত হইয়া মন্ডলী, প্রেরিতগণ ও প্রাচীনবর্গ কর্তৃত্ব গৃহীত হইলেন এবং ঈশ্বর তাঁহাদের সঙ্গে সঙ্গে থাকিয়া যে সকল কার্য্য করিয়াছিলেন সে সমস্তই বার্ণনা করিলেন।(প্রেরিত ১৫ঃ২-৪)

**অনুগ্রহ করে এই প্রশ্নটির উত্তর দিনঃ**

- অধ্যক্ষরা সম্পন্ন করেন এ ধরনের কিছু কাজগুলি কি কি?

**৪. পরজাতীয়দের উপাসক মন্ডলীতে**

আন্তিয়খিয়ার উপাসকমন্ডলীতে যে ভাববাদী ও শিক্ষকরা পরিচর্য্যা করতেন তারা প্রেরিতদের নতুন উপাসকমন্ডলী তৈরীর জন্য প্রেরণ করেছিলেন।

> আন্তিয়খিয়ার মন্ডলীতে কয়েকজন ভাববাদী ও শিক্ষক ছিলেন ... যখন তাঁহার প্রভুর সেবা ও উপবাস করিতেছিলেন, এমন সময় পবিত্র আত্মা ও কহিলেন, আমি বার্ণবা ও পৌলকে যে কার্য্যে আহ্বান করিয়াছি, সেই কার্যের নিমিত্ত আমার জন্য এখন তাহাদিগকে পৃথক করিয়া দেও। তখন তাঁহারা উপবাস ও প্রার্থনা এবং তাঁহাদের উপরে হস্তার্পন করিয়া তাঁহাদিগকে বিদায় দিলেন।(প্ররিত ১৩ঃ১-৩)

যে সমস্ত জায়গায় নতুন অনুগামী তারা তৈরী করেছিল সেই সমস্ত প্রত্যেক উপাসকমন্ডলীর জন্য পৌল প্রাচীনদের নিযুক্ত করেছিলেন।

> তারা সুসমাচার প্রচার করেছিলেন ... এবং অনেক লোককে শিষ্য করেছিলেন ... তাঁহারা শিষ্যদের মন সুস্থির করিলেন, এবং তাহাদিগকে আশ্বাস দিতে লাগিলেন, যেন তাহারা বিশ্বাসে স্থির থাকে, আর কহিলেন, ‘‘অনেক ক্লেশের মধ্য দিয়া আমাদিগকে ঈশ্বরের রাজ্যে প্রবেশ করিতে হইবে। আর তাঁহারা তাহাদের জন্য প্রত্যেক মন্ডলীতে প্রাচীন বর্গকে নিযুক্ত করিয়া, এবং উপাবাস পূর্ব্বক প্রার্থনা করিয়া, যে প্রভুতে তাহারা বিশ্বাস করিয়াছিল, তাঁহার হস্তে তাহাদিগকে সমর্পণ করিলেন।(প্রেরিত ১৪ঃ২১-২৩)

প্রাচীনদের তাদের নিজেদের বিষয়ে পর্যবেক্ষণ করতে হবে এবং পালের উপর নজর রাখতে হবে এবং তাদেরকে কেন্দুয়াদের হাত থেকে রক্ষা করতে হবে; যারা বিশ্বাসীদের প্রতারিত করে।

> (পৌল) ইফিষে বার্তা প্রেরণের দ্বারা সমস্ত মন্ডলীর প্রাচীনদের তাঁর সাথে দেখা করার জন্য ডেকে পাঠিয়েছিলেন। তাহারা তাঁর কাছে আসলে পর তিনি তাদেরকে বলেছিলেন ... তোমরা আপনার বিষয়ে সাবধান, এবং পবিত্র আত্মা তোমাদিগকে অধ্যক্ষ করিয়া যাহার মধ্যে নিযুক্ত করিয়াছেন, সেই সমস্ত পালের বিষয়ে সাবধান হও, ঈশ্বরের সেই মন্ডলীকে পালন কর, যাহাকে তিনি নিজ পুত্রের রক্ত দ্বারা ক্রয় করিয়াছেন। আমি জানি আমি গেলে পর দুরন্ত কেন্দুয়ারা তোমাদের মধ্যে প্রবেশ করিবে, পালের প্রতি মমতা করিবেনা, এবং তোমাদের মধ্য হইতেও কোন কোন লোক উঠিয়া শিষ্যদিগকে আপনাদের পশ্চাৎ টানিয়া লইবার জন্য বিপরীত কথা কহিবে। (প্রেরিত ২০ঃ১৭-১৮; ২৮-৩০)

**অনুগ্রহ করে এই প্রশ্নগুলির উত্তর দিনঃ**

- অধ্যক্ষদের প্রতি পৌল কি সাবধান বাণী দিয়েছিলেন?
- অন্যান্য আরও কি কি কাজ অধ্যক্ষদের করতে হয়?

**৫. উপাসকমন্ডলীগুলির প্রতি পত্রগুলিতে।**

ঈশ্বরের আত্মা কিছু জনকে কুটীর সহ ভাগীতার এবং উপাসকমন্ডলীগুলির উপর অধ্যক্ষতার দান প্রদান করে থাকেন। রোমীয় ১২, ১ করিন্থীয় ১২; ইফিষীয় ৪, ফিলিপীয় ১।

> আমাদের দত্ত অনুগ্রহ অনুসারে আমাদেরকে বিভিন্ন দান দেওয়া হয়েছে ... নেতা হিসাবে, দক্ষতায়, করুনা বিষ্ট তার সাথে এবং হৃষ্ট চিত্ত সহকারে (রোমীয় ১২ঃ৬-৮) এবং ঈশ্বর মন্ডলীতে প্রথমতঃ প্রেরিতগণকে দ্বিতীয়ত ; ভাববাদিগণকে, তৃতীয়ত শিক্ষকগণকে, স্থাপন করিয়াছেন, তৎপর ... বিভিন্ন নেতৃত্বকে (১ করিন্থীয় ১২ঃ২৮)। যে সমস্ত দান আমাদের দেওয়া হয়েছে তা দ্বারা, কয়েকজনকে প্রেরিত, কয়েকজনকে ভাববাদী, কয়েকজনকে সুসমাচার প্রচারক ও কয়েকজনকে পালক ও শিক্ষাগুরু করিয়া দান করিয়াছেন, পবিত্রগণকে পরিপক্ক করিবার নিমিত্ত করিয়াছেন, যেন পরিচর্য্যা কার্য্য সাধিত হয়, যেন খ্রীষ্টের দেহকে গাঁথিয়া তোলা হয়, ইফিষীয় ৪ঃ১১-১২।

স্থানীয় খ্রীষ্টীয় সহভাগীতাগুলিতে দুই প্রকারের কর্মী থাকে।

> খ্রীষ্ট যীশুতে স্থিত যত পবিত্র লোক ফিলিপীতে আছেন, তাঁহাদের এবং অধ্যক্ষগণ ও পরিচারকগণের সমীপে। আমাদের পিতা ঈশ্বর ও প্রভু যীশু খ্রীষ্ট হইতে অনুগ্রহ শান্তি তোমাদের প্রতি বর্ত্তুক।(ফিলিপীয় ১ঃ১-২)

তারা খ্রীষ্টীয় সম্প্রদায়ের পরিচর্যা করত এবং অন্যরাও বিনিময়ে তাদের সম্মান করত।

> আমাদের ভগিনী কিংক্রিয়াস্থ মন্ডলীর পরিচারিকা, ফৈবীর জন্য আমি তোমাদের কাছ সুপারিস করিতেছি, যেন তোমরা তাঁহাকে প্রভুতে, পবিত্রগণের যথাযোগ্য ভাবে গ্রহন কর, এবং যে কোনও বিষয় তোমাদের হইতে উপকারের তাঁহার প্রয়োজন হইতে পারে, তাহা কর; কেননা তিনিও অনেকের এবং আমার নিজেরও উপকারিনী হইয়াছেন। (রোমীয় ১৬ঃ১-২) আর হে ভ্রাতৃগণ, তোমাদিগকে নিবেদন করিতেছি; — তোমরা স্তিফানের পরিজনকে জান, তাঁহারা আখায়া দেশের অগ্রিমাংশ, এবং পবিত্রগণের পরিচর্য্যায় আপনাদিগকে নিযুক্ত করিয়াছেন; — তোমরাও এই প্রকার লোকদের, এবং যতজন কার্যে সাহায্য করেন, ও পরিশ্রম করেন, সেই সকলের বশবর্তী হও।(১ করিন্থীয় ১৬ঃ১৫-১৬) ইপাফ্রা আমাদের প্রিয় সহদাস ... তিনি তোমাদের নিমিত্তে খ্রীষ্টের বিশ্বস্ত পরিচারক।(কলসীয় ১ঃ৭)

**অনুগ্রহ করে এই প্রশ্নগুলি উত্তর দিনঃ**

- অধ্যক্ষরা তাদের কার্য্যগুলি করতে কিভাবে উপযুক্ত হয়ে ওঠেন?
- অনুগামীরা, কোন বিশ্বাসীরা উত্তম অধ্যক্ষ হতে পারে তা, কি ভাবে বুঝতে পারেন?

### ৬. পালকদের প্রতি পত্রে

বিশ্বাসীদেরকে পরিচর্যা কার্যের জন্য সুদক্ষরূপে তৈরী করার এবং নতুন অধ্যক্ষদের প্রশিক্ষণ দেবার অধ্যক্ষরা ঈশ্বরের বাক্য শিক্ষার প্রতি মনোনিবেশ করে।

> অতএব, হে আমার বৎস, তুমি খ্রীষ্ট যীশুতে স্থিত অনুগ্রহে বলবান হও। আর অনেক সাক্ষীর মুখে যে সকল বাক্য আমার কাছে বুনিয়াছ, সে সকল এমন বিশ্বস্ত লোকদিগকে সমর্পন কর, যাহারা অন্য লোককেও শিক্ষা দিতে সক্ষম হইবে। (২ তীমথিয় ২ঃ১-২)

প্রতিটি নগরে অধ্যক্ষদের নিযুক্ত করতে হবে।

> আমি তোমাকে এই কারণে ক্রীতীতে রাখিয়া আসিয়াছি, যেন যাহা যাহা অসম্পূর্ণ, তুমি তাহা ঠিক করিয়া দেও, এবং যেমন আমি তোমাকে আদেশ দিয়াছিলাম, প্রত্যেক নগরে প্রাচীনদিগকে নিযুক্ত কর ... ঈশ্বরের ধনাধ্যক্ষ রূপে ... (তীত ১ঃ৫-৭)

অধ্যক্ষদের এবং তাদের সাহায্যকরীদের, অর্থাৎ পরিচালকদের অবশ্যই কিছু গুনাবলিপূর্ণ করতে হবে। ১ তীমথিয় ৩; তীত ১

> এই কথা বিশ্বাসনীয়, যদি কেহ অধ্যক্ষ পদের আকাঙ্খী হন, তবে তিনি উত্তম কার্য্য বাঞ্জা করেন। অতএব ইহা আবশ্যক যে, অধ্যক্ষ অনিন্দনীয় আর বহিঃস্থ লোকদের কাছেও উত্তম সাক্ষ্য প্রাপ্ত হওয়া তাঁহার আবশ্যক, পাছে তিরস্কারে ও দিয়াবলের জালে পতিত হন, সেই রূপ পরিচারকদেরও আবশ্যক ... আর অগ্রে তাঁহাদেরও পরীক্ষা করা হউক, যদি তাঁহারা অনিন্দনীয় হন, তবে পরিচারক কর্ম্ম করুন। (১ তীমথীয় ৩ঃ১-১০)
>
> প্রত্যেক নগরে প্রাচীনদিগকে নিযুক্ত কর ... যে অনিন্দনীয় ... এই প্রকারে যেন তিনি নিরাময় শিক্ষাতে উপদেশ দিতে এবং প্রতিকূলবাদীদের দোষ ব্যক্ত করতে সমর্থ হন। (তীত ১ঃ৫-৯)

একটি খ্রীষ্টীয় সহভাগীতা যখন সমর্থ হবে, তখন কঠিন পরিশ্রমকারী অধ্যক্ষদের কিছু প্রদান করা উচিত।

> যে প্রাচীনেরা উত্তমরূপে শাসন করেন, বিশেষতঃ যাঁহারা বাক্যে ও শিক্ষাদানে পরিশ্রম করেন, তাঁহারা দ্বিগুন সমাদরের যোগ্য গণিত হউন। কারণ শাস্ত্রে বলে, ''শস্য মর্দ্দনকারী বলদের মুখে জালতি বাঁধিও না;'' আর, ''কার্যকারী আপন বেতনের যোগ্য।'' (১ তীমথিয় ৫ঃ১৭-১৮)

যে সমস্ত অধ্যক্ষরা পাপ করে, তাদেরকে সকলের সামনে ভৎসনা কর।

> দুই তিনজন সাক্ষী ব্যতিরেকে কোনও প্রাচীনের বিরুদ্ধে অভিযোগ গ্রাহ্য করিও না। যাহারা পাপ করে, তাহাদিগকে সকলের সাক্ষাতে অনুযোগ কর, যেন অন্য সকলেও ভয় পায়। (১ তীমথিয় ৫ঃ১৯-২০)

**অনুগ্রহ করে এই প্রশ্নগুলির উত্তর দাওঃ**

- নতুন অধ্যক্ষদের, তাদের কার্যের ব্যাপারে কি ভাবে প্রশিক্ষন দেওয়া হয়?
- পূর্ণ সময়ের জন্য অধ্যক্ষ হতে গেলে কি কি বিষয়গুলিকে পূর্ণ করতে হবে?

### ৭. করিন্থীয়দের প্রতি পত্রে

যেহেতু একজন অধ্যক্ষকে অবশ্যই যীশু খ্রীষ্টের অনুগামীদের সম্মুখে উদাহরণ হিসাবে সেবা কাজ করতে হয় সেজন্য প্রত্যেক অনুগামীরই অধ্যক্ষ হওয়া উচিত নয়।

> হে আমার ভ্রাতৃগণ, অনেকে উপদেশক হইও না; তোমরা জান, অন্য অপেক্ষা আমাদের ভারী বিচার হইবে। কারণ আমরা সকলে অনেক প্রকারে উছোট খাই। (যাকোব ৩ঃ১-২)

অধ্যক্ষরা অসুস্থদের জন্য প্রার্থনা কর।

> তোমাদের মধ্যে কেহ কি রোগগ্রস্ত? সে মন্ডলীর প্রাচীনবর্গকে আহ্বান করুক; এবং তাঁহার প্রভুর নাম তাহাকে তৈলাভিষিক্ত করিয়া তাহার উপরে প্রার্থনা করুন। তাহাতে বিশ্বাসের প্রার্থনা সেই পীড়িত ব্যক্তিকে সুস্থ করিবে, এবং প্রভু তাহাকে উঠাইবেন; আর সে যদি পাপ করিয়া থাকে, তবে তাহার মোচন হইবে। অতএব তোমরা এক জন অন্য জনের কাছে আপন আপন পাপ স্বীকার কর, ও এক জন অন্য জনের নিমিত্ত প্রার্থনা কর, যেন সুস্থ হইতে পার। ধার্মিকের বিনতি কার্য্যসাধনে মহাশক্তি যুক্ত (যাকোব ৫ঃ১৪-১৬)।

অধ্যক্ষদের অবশ্যই স্ব-ইচ্ছায় এবং লোভের বশবর্তী না হয়ে। পালের সম্মুখে উদাহরণ রূপে সেবা করতে হবে।

> অতএব তোমাদের মধ্যে যে প্রাচীন বর্গ আছেন, তাহাদিগকে আমি বিনতি করিতেছি, তোমাদের মধ্যে

ঈশ্বরের যে পাল আছে তাহা পালন কর, অধ্যক্ষের কার্য্য কর, আবশ্যকতা প্রযুক্ত নয়, কিন্তু ইচ্ছা পূর্ব্বক ঈশ্বরের অভিমতে — কুৎসিত লাভার্থে নয়, কিন্তু উৎযুক ভাবে কর; নিরূপিত অধিকারের উপরে কর্ত্তৃত্বকারীরূপে নয়, কিন্তু পালের আদর্শ হইয়াই কর। (১ পিতর ৫ঃ১-৩)

**অনুগ্রহ করে প্রশ্নগুলির উত্তর দিনঃ**

- অধ্যক্ষদের কিছু কাজগুলি কি কি?
- একজন অধ্যক্ষের কাজের প্রকৃত উদ্দেশ্য কি?

## ব্যবহারিক উপদেশ

বেশীর ভাগ ক্ষেত্রেই নতুন অধ্যক্ষকে প্রাপ্তবয়স্ক হওয়া উচিত এবং তার পরিবার থাকতে হবে যাকে সে পরিচালনা প্রদান করছে। কারণ একটি উপাসক মন্ডলী অথবা কুটীর সহভাগীতার উপরে অধ্যক্ষরূপে পরিচালনা প্রদান এবং নিজ পরিবার চালনা উভয়ই সমান। অবিবাহিত যুবকদের এই পদটি সাধারণত না দেওয়াই উচিত এবং তারা অপরদের কি ভাবে যত্ন নিতে হবে তা জানেও না।

একটি নতুন উপাসক মন্ডলী অথবা কুটীর সহভাগীতার জন্য সবথেকে উপযুক্ত হল, একজন নতুন বিশ্বাসীকে তাদের উপর অধ্যক্ষরূপে নিযুক্ত করা, কারণ তিনি তাদের বুঝতে সমর্থ হবেন এবং তারাও তাঁকে সম্মান করবে। অবশ্য একজন নতুন বিশ্বাসীকে অধ্যক্ষর উপাধিতে ভূষিত না করাই উত্তম। যতক্ষন পর্যন্ত না সে নিজেকে প্রমানিত করতে পারছে এবং সমস্ত বিশ্বাসীদের আস্থা অর্জন করছে ততক্ষন পর্যন্ত তাকে স্থায়ী অধ্যক্ষ অথবা ''নবীন অধ্যক্ষ'' রূপে ডাকা যেতে পারে।

প্রত্যেক সাময়িক অধ্যক্ষের একজন প্রশিক্ষক থাকা উচিত যিনি তাদেরকে পরামর্শ দেবেন। একজন প্রশিক্ষক হলেন সেই ব্যক্তি যাঁর

অধিক অভিজ্ঞতা আছে। প্রশিক্ষক এই নবীন অধ্যক্ষের সাথে প্রত্যহ মিলিত হবেন এবং এইগুলি করবেনঃ

- তার কুটীর সহভাগীতা অথবা উপাসক মন্ডলীর কি প্রয়োজন আছে সেই প্রতিবেদন শুনবেন।
- কি ভাবে সে তার উপাসক মন্ডলী অথবা কুটীর সহভাগীতাকে সাহায্য করতে পারে সে বিষয়ে পরিকল্পনা করতে তাকে সাহায্য করবে।
- বাইবেল থেকে তাকে শিক্ষা দেবে।
- তাকে সেই শিক্ষায় নিযুক্ত করবে যা তাকে তার উপাসক মন্ডলী বা কুটীর সহভাগীতার বর্তমান প্রয়োজনগুলি মেটাতে সহায্য করবে।
- সে যে সমস্ত শিক্ষাক্রমগুলি শেষ করছে সেগুলি তিনি দেখবেন অথবা সেগুলি সম্পর্কে তার কাছ থেকে শুনবেন।
- তিনি একত্রে নতুন সেই সমস্ত দক্ষতাগুলিকে নিয়ে অনুশীলন করবেন, যেগুলির নবীন অধ্যক্ষের শিক্ষা করার প্রয়োজন আছে।
- নবীন অধ্যক্ষ এবং তার কুটীর সহভাগীতা অথবা উপাসকমন্ডলীর জন্য প্রার্থনা করবে।
- কোনও সমস্যার জন্য বেশী সময় ব্যয় করবেনা। সবসময় সেই সমস্ত নতুন কার্যকলাপ অথবা পরিচর্যার বিষয়ে আলোচনা করবে। যেগুলি নতুন উপাসক মন্ডলীতে গড়ে তোলা যায়।

একজন নবীশ অধ্যক্ষ তার প্রশিক্ষণ শুরু করার এবং উপাসকমণ্ডলী অথবা কুটীর সহভাগীতার উপর অধ্যক্ষের কাজ করার অন্য নতুন নবীন অধ্যক্ষের প্রশিক্ষন শুরু করতে পারেন। প্রশিক্ষক পরামর্শ এবং প্রশিক্ষনের পাঠক্রম দিয়ে তাকে সাহায্য করবে। আর এই ভাবে একজন নবীশ অধ্যক্ষ অন্য নতুন নবীশ অধ্যক্ষকে প্রশিক্ষন দেওয়ার মাধ্যমে অনেক উপাসকমন্ডলী এবং কুটীর সহভাগীতা স্থাপন করতে পারেন। আর এই কাজ করার জন্য একটি প্রয়োজনীয় পাঠক্রম হল 'বত্মট্টচত্ব গু ত্তুহন্ধচত্নন্দ্ধ ™ যা তাকে প্রভুত সাহায্য করতে পারে। pwr@trainandmultiply.com এই ঠিকানায় লিখুন এবং আপনার ভাষায় পাঠক্রম চেয়ে পাঠান।

এই ভাবে অধ্যক্ষ যখন একবছর প্রশিক্ষন গ্রহন করবেন, তখন তার উপাসকমন্ডলী অথবা মাতৃ উপাসকমন্ডলী তার উপর হস্তাপর্ণ করবে এবং তাকে অধ্যক্ষ পালক অথবা প্রাচীন উপাধিতে ভূষিত করবে। আর এই ভাবে অধ্যক্ষপদে নিযুক্ত করার প্রক্রিয়াকে অভিষিক্ত করা বলে অভিহিত করা হয়। আর যদি আপনি এটি অভিষিক্ত প্রক্রিয়া বলে অভিহিত করেন তবে এ ব্যপারে কেবল মাত্র নতুন নিয়মের শর্তগুলি পালন করার ব্যপারটি গুরুত্ব সহকারে লক্ষ্য রাখবেন। কিন্তু মানুষের দ্বারা প্রবর্তিত নিয়মকানুন আরোপ করার অর্থ হবে খ্রীষ্টের বাধ্যতা এবং উন্নতিকে বাধ্য দেওয়া।

বেশীর ভাগ লোকদেরই কোন বাইবেল প্রশিক্ষনের ইস্কুলে যাওয়ার আগে একটি নতুন উপাসকমন্ডলী স্থাপন, অধ্যক্ষরূপে পরিচালনাদান এবং সেটিকে অন্য নতুন উপাসক মন্ডলী স্থাপনের ব্যাপারে সাহায্য করা উচিত।

যদি কোনও উপাসকমন্ডলীর অধ্যক্ষকে কিছু বেতন প্রদান করার মত বৃহৎ আকার গ্রহন করে তবে, সদস্যরা দশমাংশ এবং দান সামগ্রী দেওয়ার দ্বারা অধ্যক্ষের জন্য বেতনের ব্যবস্থা করবে। একজন অধ্যক্ষ যাকে বেতন প্রদান করা হচ্ছে, তিনি যেন অবশ্যই পূর্ণ সময়ের জন্য কার্য্য করেন এবং তিনি যেন কখনোই ব্যবসায়িক উদ্যোগ বা অন্য কাজে জড়িত না থাকেন।

## অধ্যক্ষদের বিপদসমূহ

খ্রীষ্টীয় সহভাগীতাগুলিতে একজন অধ্যক্ষ কখনো ভুল কাজ করে ফেলতে পারেন। আর সেজন্য অধ্যক্ষদের অবশ্যই ঈশ্বরের কাছে প্রলোভন জয় করার জন্যে প্রার্থনা করা উচিত। কি অধ্যক্ষদের দ্বারা কৃত কিছু সাধারণ পাপগুলি হল ঃ

**১. অধ্যক্ষরা বিশ্বাসীদের হরণ করে নিয়ে যেতে পারে।**

> দুরন্ত কেন্দুয়ারা তোমাদের মধ্যে প্রবেশ করিবে, পালের প্রতি মমতা করিবেনা; এবং তোমাদের মধ্য হইতেও কোন কোন লোক উঠিয়া শিষ্যদিগকে আপনাদের পশ্চাৎ টানিয়া লইবার জন্য বিপরীত কথা কহিবে। (প্রেরিত ২০ঃ২৯-৩০)

**২. অধ্যক্ষরা পাপ কার্যে ধৃত হতে পারে।**

> দুই তিনজন সাক্ষী ব্যতিরেকে কোন প্রাচীনের বিরুদ্ধে অভিযোগ গ্রাহ্য করিও না। যাহারা পাপ করে, তাহাদিগকে সকলের সাক্ষাতে অনুযোগ কর; যেন অন্য সকলেও ভয় পায়, আমি ঈশ্বরের, খ্রীষ্ট যীশুর ও মনোনীত দূতগণের সাক্ষাতে তোমাক এই দৃঢ় আজ্ঞা দিতেছি তুমি পূর্ব্ব ধারনা ব্যতিরেকে এই সকল বিধি পালন কর, পক্ষপাতের বশে কিছুই করিও না। কাহারও উপর হস্তার্পণ করিতে সত্বর হই ও না, এবং পর পাপের ভাগী হইও না; আপনাকে শুদ্ধ করিয়া রক্ষা কর। (১ তীমথিয় ৫ঃ১৯-২২)

**৩. অধ্যক্ষরা অর্থের জন্য লোভী হতে পারেন।**

> তোমাদের মধ্যে ঈশ্বরের যে পাল আছে তাহা পালন কর; অধ্যক্ষের কার্য্য কর আবশ্যকতা প্রযুক্ত নয়, কিন্তু ইচ্ছা পূর্ব্বক, ঈশ্বরের অভিমতে, কুৎসিত লাভার্থে নয়; কিন্তু উৎসুক ভাবে কর। ১ পিতর ৫ঃ২

**৪. অধ্যক্ষরা অতিরিক্ত কর্তৃত্ব প্রকাশ করতে পারেন।**

নিরূপিত অধিকারের উপরে কর্তৃত্বকারী রূপে নয় কিন্তু পালের আদর্শ হইয়াই কর। ১ পিতর ৫ঃ৩

**৫. অধ্যক্ষরা নিজেদের খুবই গুরুত্বপূর্ণ রূপে দেখাতে পারে।**

> আমি মন্ডলীকে কিছু লিখিয়াছিলাম, কিন্তু তাহাদের প্রাধান্যপ্রিয় দিয়ত্রিফি আমাদিগকে গ্রাহ্য করে না। এইজন্য, যদি আমি আসি, তবে সে যে সকল কার্য্য করে তাহা স্মরণ করাইব, কেননা যে দুর্ব্বাক্য দ্বারা আমাদের গ্লানি করে; এবং তাহাতেও সন্তুষ্ট নয়, সে আপনিও ভ্রাতৃগণকে গ্রাহ্য করে না, আর যাহারা গ্রাহ্য করিতে ইচ্ছা করে, তাহাদিগকেও বারণ করে, এবং মন্ডলী হইতে বাহির করিয়া দেয়। (৩ যোহন ১ঃ৯-১০)

**অনুগ্রহ করে প্রশ্নগুলির উত্তর দিন ঃ**

- একজন অধ্যক্ষ হিসাবে কোন্ কাজগুলি আপনি করবেন না ?
- যদি কোনও অধ্যক্ষ যথাযথ রূপে আচরণ না করে তবে আপনি কি করবেন ?

## গল্পের পরবর্তী অংশ

মিঃ বিশ্বাসী মিঃ প্রশিক্ষককে বলবে, ‘‘আমি দেখলাম অধ্যক্ষরা, মেষপালকরা যেমন মেষদের যত্ন করে সেইরূপ ভাবে ঈশ্বরের লোকদের যত্ন নেয় সেইরূপ ভাবে আমি অধ্যক্ষের কাজ শুরু করতে পারি ?’’

মিঃ প্রশিক্ষক, মিঃ বিশ্বাসীকে উত্তর দেবেন, ‘‘উত্তম কথা, তোমার জন্য এই ব্যবহারিক কাজের অনুশীলনগুলি রইল। তুমি এগুলির প্রত্যেকটি কি ভাবে করবে সে জন্য এস আমরা একত্রে তার পরিকল্পনা করি।’’

## ব্যবহারিক কাজ

- একজন অধ্যক্ষের নিজস্ব গুনাবলির তালিকা প্রস্তুত কর এবং ঈশ্বর এর কাছে সাহায্য প্রার্থনা কর।

- ঈশ্বর যে কাজগুলি চান যে একটি উপাসকমন্ডলী করবে এবং আপনি তার উপরে অধ্যক্ষের কাজ করবেন, সেই সমস্ত কাজ এবং কার্যকলাপগুলির জন্য পরিকল্পনা করুন।
  - — সমস্যার সমাধান
  - — সদস্যদের মধ্যে এবং অন্যান্য উপাসক মন্ডলীগুলির মধ্যে সহভাগীতা রক্ষা করা।
  - — ছোট ছোট দল গঠন করা যাতে প্রত্যেকে অংশ গ্রহন এবং একে অন্যকে সেবা করতে পারে।
  - — কন্যা উপাসক মন্ডলী এবং কুটীর সহভাগীতা শুরু করা।
  - — নতুন উপাসক মন্ডলী এবং কুটীর সহ ভাগীতাগুলিতে নতুন নেতাদের প্রশিক্ষন দেওয়া।
- এই পুস্তকে দত্ত বাইবেলের অংশগুলি ব্যবহারে দ্বারা আপনার উপাসক মন্ডলী এবং কুটীর সহভাগীতাগুলিকে অধ্যক্ষ সম্পর্কে শিক্ষা দিন।
- আপনার উপাসকমন্ডলী থেকে কিছু এমন ব্যক্তিদের বেছে নিন যাদের আপনি চান যে প্রশিক্ষন দিয়ে তাদেরকে অধ্যক্ষ তৈরী করবেন।

## উপসংহার

ঈশ্বর যারা প্রেম এবং প্রজ্ঞার সাথে উপাসকমন্ডলী এবং কুটীর সহভাগীতাগুলিতে অধ্যক্ষের কাজ করে তাদের প্রত্যেককে পুরস্কৃত করবেন। যাদেরকে তিনি অধ্যক্ষ কাজ করার জন্য আহ্বান দেন তাদের প্রত্যেককে ঈশ্বরের পবিত্র আত্মা বিশেষ ক্ষমতা প্রদান করেন।

একজন অধ্যক্ষরূপে আপনি আপনার উপাসকমন্ডলীকে ঈশ্বরকে এবং একে অন্যকে প্রেম করতে সাহায্য করতে পারেন। যাতে তারা ঈশ্বরের বাধ্য হতে পারে, এবং অন্য লোকদেরকেও নবীন অধ্যক্ষ রূপে প্রশিক্ষণ দিতে পারেন এবং নতুন কুটীর সহভাগীতা গঠন করতে পারেন।

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net